গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা।
www.powerdivision.gov.bd

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব-উল-আলম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | : | ২৫-০৮-২০১৫ খ্রি: |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | কক্ষ নং-২০৫, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর, ০৯-০৬-২০১৫ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

০২। প্রতিটি বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের প্রধান কার্যালয়ে গ্রাহক অভিযোগ কেন্দ্র স্থাপন করবে যাতে গ্রাহক টেলিফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল ও ক্ষুদে বার্তার মাধ্যমে বিদ্যুৎ বিষয়ক যেকোন অভিযোগ দাখিল করতে পারবে। পরবর্তীতে কর্তৃপক্ষ গ্রাহককে একটি প্রাপ্তি স্বীকার পত্র প্রেরণ করবে। অভিযোগের পরিপ্রেক্ষিতে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা গ্রাহককে জানাতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইটে কেন্দ্রীয় গ্রাহক অভিযোগ নম্বর (মোবাইল/টেলিফোন নম্বর) সংযোজন করতে হবে। গ্রাহক সরবরাহকৃত নম্বরে ফোন করলে তাঁর নিজ এলাকার অভিযোগ কেন্দ্রের নম্বর সরবরাহ করবেন।

০৩। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির গঠিত ইনোভেশন টিমের সভা নিয়মিত আহবান করতে হবে এবং সভার কার্যবিবরণী বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামারের মেইল-এ প্রেরণ নিশ্চিত করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। প্রোগ্রামার সকল কার্যবিবরণীর সারসংক্ষেপ চিফ ইনোভেশন অফিসারের নিকট উপস্থাপনের ব্যবস্থা নিবেন।

০৪। এছাড়াও প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তাদের জন্য ICT প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য বিস্তারিত আলোচনা হয়। ICT এর বিভিন্ন আইটেম (Hardware, Software, Networking ইত্যাদি) ভিত্তিক প্রশিক্ষণের Need Assessment করার জন্য পরামর্শ দেয়া হয়। পরবর্তিতে প্রতি বিষয়ের জন্য অন্ততঃ ৫ জন করে কর্মকর্তার প্রশিক্ষণ আয়োজন করতে হবে। এক্ষেত্রে জুনিয়র এবং মিড লেভেল কর্মকর্তাদের অগ্রাধিকার দিতে হবে। উর্ধ্বতন কর্মকর্তাদের এ বিষয়ে ওরিয়েন্টেশন কোর্সের আয়োজন করতে হবে।

০৫। বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন সকল দপ্তর/সংস্থার কর্মকর্তাদের আধুনিক প্রযুক্তি ও তার সর্বশেষ অগ্রগতি সম্পর্কে সম্যক ধারনা ও জ্ঞান আহরণের লক্ষ্যে বিভিন্ন বিষয়ভিত্তিক বই, সাময়িকী, জার্নাল ইত্যাদি (প্রয়োজনীয়) চাহিদা সম্পর্কে সভায় আলোচনা হয়। বিভিন্ন ওয়েবসাইট হতে বই, সাময়িকী, জার্নাল ইত্যাদি ডাউনলোড/পড়ার নিমিত্ত কর্পোরেট ইউজার সৃষ্টির জন্য সকল কার্যপদ্ধতি জনাব মোঃ সাজিবুল হক কে দায়িত্ব দেয়া হয়। বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামার এ বিষয়ে সার্বিক সহযোগিতা করবেন। আগামী সভায় এ বিষয়ে একটি প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা দেয়া হয়।

০৬। সভায় আরও জানানো হয় যে, বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির জনবলের জন্য Unified PMIS তৈরির জন্য ডিপিডিসিকে দায়িত্ব প্রদান করা হয়। গত ০২/০৮/২০১৫ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজিব ওয়াজেদ জয় আনুষ্ঠানিকভাবে Unified PMIS উদ্বোধন করেন। এ সফটওয়্যারে ডাটা এন্ট্রি, উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও সুষ্টুভাবে পরিচালনার বিষয়ে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। সভায় জানানো হয় যে, প্রস্তুতকৃত Unified PMIS সফটওয়্যারটিতে ডাটা এন্ট্রির কাজ চলমান আছে। আগামী ১৫ই সেপ্টেম্বর, ২০১৫ তারিখের মধ্যে সকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে তাদের জনবলের তথ্য PMIS এ এন্ট্রি সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়। পবিবো জানায় তাদের প্রধান কার্যালয়ের জনবলের তথ্য এন্ট্রি শেষ হয়েছে, তবে সমিতি সমূহের এন্ট্রি বাকি আছে। এ ক্ষেত্রে পবিবোকে তাদের সমিতি সমূহের জনবলের তথ্যও এন্ট্রির জন্য পরামর্শ দেয়া হয়।

০৭। Unified PMIS সফটওয়্যারটিতে ডাটা এন্ট্রির বিষয়ে পিজিসিবি প্রতিনিধি জানান যে, মাল্টিপল ডাটা এন্ট্রির ক্ষেত্রে সফটওয়্যারটিতে সমস্যা দেখা যাচ্ছে এবং আরও নতুন কিছু ফিচার সংযুক্ত করা প্রয়োজন। সভাপতি এ বিষয়ে সফটওয়্যার ডেভেলপার জনাব কামরুল আহসান, ডিপিডিসি কে চাহিদা জানানোর জন্য উক্ত প্রতিনিধিকে পরামর্শ প্রদান করেন।

০৮। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমকে নতুন নতুন উদ্ভাবনী ধারণা, ধারণাসমূহের বাস্তবায়নঃ- অগ্রগতি এবং জনগণের প্রাপ্ত সুবিধা ইত্যাদি তথ্য নির্দিষ্ট ফরমে এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন মপ্তর/সংস্থা/কোম্পানির উদ্ভাবনী ধারণাসমূহের সমন্বিত তালিকা প্রস্তুত করা হয়েছে। বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামার স্ব স্ব দপ্তর/সংস্থা/কোম্পানির বাস্তবায়নঃ-/বাস্তবায়িত ইনোভেশন আইডিয়া সমূহের তালিকা তাদের ই-মেইলে প্রেরণ করবে। ইনোভেশন আইডিয়া সমূহের সর্বশেষ আপডেটসহ পূনরায় প্রোগ্রামারের ই-মেইলে প্রেরণ করবে। প্রোগ্রামার সকল আপডেটেড তথ্য একত্রিত করে আগামী সভার পূর্বেই সভাপতির নিকট দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৯। Online Application for New Connection বিষয়ে আলোচনা হয়। ডিপিডিসি, ডেসকো জানায় অনলাইন সফটওয়্যারের মাধ্যমে নতুন সংযোগ প্রক্রিয়া নিস্পত্তি করছে। পল্লী বিদ্যুতায়ন বোর্ড জানায় তাদের কিছু কিছু সমিতিতে অনলাইনে আবেদন গ্রহণ করা হচ্ছে, কিন্তু অনলাইনে নিস্পত্তি করা হচ্ছে না। সভাপতি সকল বিদ্যুৎ বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানিকে অনলাইন মাধ্যমে নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ এবং নিস্পত্তি করার বিষয়ে তাগিদ প্রদান করেন।

১০। বর্তমানে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, পিজিসিবি, ইজিসিবি, ডেসকো e-GP Portal এর মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করছে। বড় প্রকল্প তথা ২৪-৫০ কোটি টাকার মধ্যে e-GP Portal এর মাধ্যমে টেন্ডার সম্পন্ন করতে বিদ্যুৎ বিভাগের অনলাইন অনুমোদনের প্রয়োজন হয়। সেক্ষেত্রে অতিরিক্ত সচিব (উন্নয়ন)কে e-GP তে অনলাইন অনুমোদনের জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড পাওয়ার লক্ষ্যে রেজিষ্ট্রেশনের উদ্যোগ গ্রহণের অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। সভাপতি সকল দপ্তর/সংস্থা যাতে e-GP Portal এর মাধ্যমে Tender Process করতে পারে সে বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন।

১১। KPI স্থাপনাসমূহে পর্যাপ্ত নিরাপত্তার স্বার্থে Closed Circuit Camera এবং IP Surveillance System বসানো এবং কার্যকর করণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় জানানো হয় প্রতিটি KPI-তে Closed Circuit Camera কার্যকর রয়েছে, তবে IP Surveillance System সব স্থানে কার্যকর নেই। স্ব স্ব দপ্তর/সংস্থা/কোম্পানির KPI এ স্থাপনকৃত Closed Circuit Camera এবং IP Surveillance System কার্যকর করা এবং এর তালিকা বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

১২। সভার বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) প্রতিটি বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের প্রধান কার্যালয়ে গ্রাহক অভিযোগ কেন্দ্র স্থাপন করবে যাতে গ্রাহক টেলিফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল ও ক্ষুদে বার্তার মাধ্যমে বিদ্যুৎ বিষয়ক যেকোন অভিযোগ দাখিল করতে পারে। সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইটে কেন্দ্রীয় গ্রাহক অভিযোগ কেন্দ্রের ঠিকানা/নম্বর (মোবাইল/টেলিফোন/ই-মেইল) সংযোজন করবে।

বাস্তবায়নঃ- সকল বিতরণ সংস্থা/কোম্পানি।

(খ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির গঠিত ইনোভেশন টিমের সভা নিয়মিত আহবান করতে হবে। ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী ২৪ ঘন্টার মধ্যে এ বিভাগের প্রোগ্রামারের ই-মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নঃ- প্রতিটি সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমের প্রধান।

(গ) দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তাদের জন্য ICT প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। Hardware, Software, Networking ইত্যাদি বিষয়ে অন্ততঃ ৫ জন করে কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। এক্ষেত্রে জুনিয়র এবং মিড লেভেল কর্মকর্তাদের প্রাধান্য দিতে হবে।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(ঘ) বিভিন্ন টেকনিক্যাল বিষয়ের বই, সাময়িকী, জার্নাল ইত্যাদি ডাউনলোড/পড়ার জন্য ওয়েবসাইটের কর্পোরেট ইউজার তৈরির পদক্ষেপ গ্রহণ করতে হবে। বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামার সার্বিক সহযোগিতা করবেন। এ বিষয়ে আগামী সভায় একটি অগ্রগতির প্রতিবেদন দাখিল করতে হবে।

বাস্তবায়নঃ- জনাব সাজিবুল হক, উপ-পরিচালক (এমআইএস), পাওয়ার সেল।

(ঙ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির সকল জনবলের তথ্য আগামী ১৫ই সেপ্টেম্বর এর মধ্যে Unified PMIS এ এন্ট্রি শেষ করতে হবে।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(চ) Unified PMIS এ নতুন কোন ফিচার সংযুক্ত করার প্রয়োজন হলে সফটওয়্যার ডেভেলপার জনাব কামরুল আহসান কে চাহিদা জানাতে হবে। তিনি উক্ত ফিচার যুক্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি এবং জনাব কামরুল আহসান, ডিজিএম (আইসিটি), ডিপিডিসি।

(ছ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন টিম নতুন নতুন উদ্ভাবনী ধারণা, ধারণাসমূহের বাস্তবায়নঃ- অগ্রগতি এবং জনগণের প্রাপ্ত সুবিধা ইত্যাদি তথ্য/বিবরণ নির্দিষ্ট ফরম্যাটে আগামী সভার পূর্বেই এ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(জ) সকল বিদ্যুৎ বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানিকে অনলাইনে নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ এবং নিষ্পত্তি করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(ঋ) e-GP Portal এ অনলাইন অনুমোদনের নিমিত্ত ই-প্রকিউর ওয়েবসাইটে রেজিষ্ট্রেশন করার জন্য এ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) কে অনুরোধ জানাতে হবে যাতে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানি ৫০ কোটি টাকা পর্যন্ত পণ্য ও সেবা ক্রয়ের জন্য e-GP Portal এর মাধ্যমে Tender Process করতে পারে।

বাস্তবায়নঃ- উপ-সচিব (প্রশাসন-১)।

(এ) KPI স্থাপনাসমূহের পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা জোরদার করণের লক্ষ্যে Closed Circuit Camera এবং IP Surveillance System স্থাপন বা কার্যকর রাখতে হবে এবং এর তালিকা বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য সকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে পত্র প্রেরণ করতে হবে।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২৭/৮/১৫

(মোঃ মাহবুব-উল-আলম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)